গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজাপুর, ঝালকাঠি
www.rajapur.jhalakathi.gov.bd

বিষয় : জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা,২০২২-২৩ বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : নুসরাত জাহান খান
উপজেলা নির্বাহী অফিসার, রাজাপুর, ঝালকাঠি।

তারিখ : ০৭-০৮-২০২২ খ্রিঃ।

সময় : দুপুর ১২.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদের সভা কক্ষ।

পরিশিষ্ট : কমিটির উপস্থিত সদস্যগণের নামের তালিকা সংশ্লিষ্ট নথিতে সংরক্ষিত আছে।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে প্রশাসনিক কর্মকর্তা, রাজাপুর, ঝালকাঠি ২০২২-২৩ সালের জন্য প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নে কার্যকর ভূমিকা রাখার জন্য সকলকে অনুরোধ করেন। সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২৩ যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত অধিকতর সচেতনতা সৃষ্টি, ত্রৈমাসিক ভিত্তিতে সভা আহবান এবং মন্ত্রিপরিষদ বিভাগসহ সংশ্লিষ্ট দপ্তরে নিয়মিত অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করেন। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে আলোচনা | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০২২-২০২৩ এর বিভিন্ন সূচক বাস্তবায়নে সকলকে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা পর্যায়ের সকল অফিস প্রধান ও প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রাজাপুর। |
| ২. | ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে আলোচনা | স্ব-স্ব বিভাগে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০২২-২০২৩ এর জুলাই-সেপ্টেম্বর/২০২২ সময়ের ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন স্ব-স্ব ওয়েবসাইটে আপলোড করাসহ এ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পর্যায়ের সকল অফিস প্রধান ও সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ অধিদপ্তর, রাজাপুর। |
| ৩. | উপজেলা তথ্য বাতায়নে শুদ্ধাচার সেবাবক্স স্থাপন | রাজাপুর উপজেলা নির্বাহী কার্যালয়ের তথ্য বাতায়নে পৃথক শুদ্ধাচার সেবাবক্স স্থাপন করতে হবে। শুদ্ধাচার সেবাবক্সে সাব-মেনু হিসেবে (১) বার্ষিক কর্মপরিকল্পনা (২) ত্রৈমাসিক অগ্রগতির বাস্তবায়ন প্রতিবেদন (৩) প্রজ্ঞাপন, নীতিমালা/পরিপত্র/ কার্যবিবরণী (৪) সেবা প্রদান পদ্ধতির চিত্র স্থাপন করতে হবে। | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ অধিদপ্তর, রাজাপুর। |
| ৪. | শুদ্ধাচার সেবাবক্স হালনাগদকরণের বিষয়ে আলোচনা | রাজাপুর উপজেলা পর্যায়ের সকল কার্যালয়ের স্ব-স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদ করতে হবে। | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ অধিদপ্তর, রাজাপুর। |
| ৬ | উপজেলা পর্যায়ে স্ব-স্ব অফিসে অভ্যন্তরীণ প্রশিক্ষণ বিষয়ে আলোচনা | উপজেলা পর্যাযের সকল কার্যালয়ে কর্মরত কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে। | উপজেলা পর্যায়ের সকল অফিস প্রধান |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৭. | স্ব-স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন এবং ওয়েবসাইটে প্রকাশ বিষয়ে অলোচনা | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সহ উপজেলা পর্যায়ের সকল কার্যালয়ে প্রধানকে স্ব-স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদ করে বাস্তবায়ন এবং ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | উপজেলা পর্যায়ের সকল অফিস প্রধান |
| ৮. | শুদ্ধাচার সংক্রান্ত উত্তম চর্চার তালিকা প্রণয়ন করার বিষয়ে আলোচনা | উপজেলা পর্যায়ের সকল কার্যালয়ের প্রধানকে শুদ্ধাচার সংক্রান্ত উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে স্ব-স্ব উর্দ্ধতন দপ্তর/সংস্থায় প্রেরণ এবং ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | উপজেলা পর্যায়ের সকল অফিস প্রধান<br>ও<br>প্রশাসনিক কর্মকর্তা,<br>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,<br>রাজাপুর। |

সভাপতি অফিসে আগত সেবা প্রত্যাশীদের সাথে ভাল ব্যবহার, নিজ নিজ অবস্থান থেকে স্বচ্ছ ও সঠিকভাবে দায়িত্ব পালনের জন্য উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা ও গণ্যমান্য বক্তিবর্গকে অনুরোধ জানান। এছাড়াও স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে স্ব-স্ব কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি জনসাধারণের জন্য দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ ও জনগণকে দ্রুত সেবা প্রদানের নিমিত্ত প্রত্যেক কার্যালয়ের পেন্ডিং পত্রসমূহ নিষ্পত্তি করার জন্য অনুরোধ করেন।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪।০৮।২২
নুসরাত জাহান খান
উপজেলা নির্বাহী অফিসার
রাজাপুর, ঝালকাঠি।
ফোন: ০৪৯৫৪-৬৫২২২
ই-মেইল-unorajapur@mopa.gov.bd

স্মারক নং-০৫.১০.৪২৮৪.০০১.১৬.০২৯.২২-৭৭২ (১০০)

তারিখঃ ২৪ /০৮/২০২২খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, (সকল)...................................................... ।
০৫। জেলা প্রশাসক, (সকল)..........................................................
০৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ঝালকাঠি।
০৭। সহকারী কমিশনার (ভূমি) ,রাজাপুর, ঝালকাঠি
০৮। উপজেলা..............................................কর্মকর্তা, রাজাপুর।
০৯। সহকারী প্রোগ্রামার, জেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজাপুর, ঝালকাঠি
১০। অফিস কপি।

২৪।০৮।২২
নুসরাত জাহান খান
উপজেলা নির্বাহী অফিসার
রাজাপুর, ঝালকাঠি।